



বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন  
সোনারগাঁও, নারায়ণগঞ্জ  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

## প্রেস বিজ্ঞপ্তি

সোনারগাঁও জাদুঘরে শারদীয় উৎসব ও  
শহীদ শেখ রাসেল জন্মোৎসব অনুষ্ঠিত

॥ ২৬ অক্টোবর শুক্রবার ২০১৮ খ্রিস্টাব্দ ॥

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনে মঙ্গল প্রদীপ প্রজ্জ্বলনের মধ্যে শারদীয় উৎসব এবং বিশ্বশান্তির প্রতীক জননন্দিত নেত্রী মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছোট ভাই শহীদ শেখ রাসেলের শুভ জন্মোৎসব পালন উপলক্ষে দিনব্যাপী বর্ণাঢ্য অনুষ্ঠানমালার আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ফাউন্ডেশনের পরিচালক কবি রবীন্দ্র গোপ। এ উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্যের পাদদেশে ও শেখ রাসেল ভাস্কর্যে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়।

বৈকালিক অনুষ্ঠানে জয়নুল পাঠশালার ছোট সোনামণিদের সানন্দে উপস্থিতিতে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন হয়। অনুষ্ঠানে লোকগান পরিবেশন করেন বাংলাদেশ বেতার ও টেলিভিশনের স্বনামধন্য শিল্পী লিঙ্কা রীতা, আইনাল হক বাউল, শিল্পী ইমু, সাঈদা ইসলাম প্রাপ্তি এবং বাউল ভাবদরিয়া শিল্পী গোষ্ঠী। বিপুলসংখ্যক দর্শক সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন।

(রবীন্দ্র গোপ)

পরিচালক

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন

ফোন: ০৬৭২৩৫৬৩৩১

E-mail: [director.s.museum@gmail.com](mailto:director.s.museum@gmail.com)